# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নংঃ সিশিবো/পনি/মাধ্য/৩(ক)/২০১৯/০৪ তারিখ ঃ ১৩/০১/২০১৯ খ্রিঃ

বিষয় ঃ <u>২০১৯ সালে অনুষ্ঠিতব্য এস.এস.সি পরীক্ষার কেন্দ্র কমিটি গঠন/অনুমোদন প্রসঙ্গে</u>।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০১৯ সালে অনুষ্ঠিতব্য এস.এস.সি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্তে এস এস সি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুচ্ছেদ ২.৪.১ থেকে ২.৪.৪ অনুসরণ করে তাঁর কেন্দ্রের জন্য 'কেন্দ্র কমিটি' নামের ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট নিম্নরূপ কমিটি গঠন করে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক অনুমোদন করে নেওয়ার জন্য তাঁকে বিশেষভাবে অনুরোধ করা হলো ঃ

১. **চেয়ারম্যান ঃ** জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা।

২. **সদস্যবৃন্দ ঃ**
(অ) জেলা শিক্ষা কর্মকর্তা (জেলা সদরের জন্য)/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (উপজেলার ক্ষেত্রে)/ উপজেলা শিক্ষা কর্মকর্তা (মহানগরীর ক্ষেত্রে)।
(আ) সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ০১ জন ও বেসরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ০১ জন সদস্য হতে পারবেন (সরকারি বিদ্যালয় না থাকলে বেসরকারি বিদ্যালয়ের ০২ জন প্রধান শিক্ষক)
(ই) কেন্দ্র সচিব কেন্দ্র কমিটির সদস্য সচিব হবেন (বোর্ড কর্তৃক অনুমোদিত পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হবেন তবে পরীক্ষা বছরে ছেলে/মেয়ে পরীক্ষার্থী থাকলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না)।

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী উপরোক্ত অনুচ্ছেদ অনুযায়ী কমিটি গঠনপূর্বক পরীক্ষার মালামাল গ্রহণের দিন পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে কমিটি গঠনের চিঠি জমা দিতে হবে।

**প্রাপক ঃ কেন্দ্র সচিব**
(সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন
মাধ্যমিক পরীক্ষার সকল কেন্দ্র)

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৩/০১/২০১৯

(মোঃ কবির আহমদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন ঃ ০৮২১-৮৪০০৮৫ (অফিস)
মোবাইল ঃ ০১৭১২০১৬৯৪৪ (ব্যক্তিগত)

Rajab
১৩/০১/১৯

স্মারক নংঃ সিশিবো/পনি/মাধ্য/৩(ক)/২০১৯/০৪ তারিখ ঃ ১৩/০১/২০১৯ খ্রিঃ

<u>সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি ঃ</u>

১। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ (তাঁর জেলার জেলা সদরের সকল কেন্দ্রের জন্য কেন্দ্র কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট বিভাগের সকল উপজেলা (তাঁর উপজেলার সকল কেন্দ্রের জন্য কেন্দ্র কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৪। সংরক্ষণ নথি।

১৩/০১/২০১৯

(মোঃ কবির আহমদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

Rajab
১৩/০১/১৯